৬২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

ডাক অধিদপ্তরের "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" |
| প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা | : | ডাক অধিদপ্তর |
| প্রাক্কলিত ব্যয় | : | ৩৬৫.৪৯ কোটি টাকা |
| প্রকল্পের মেয়াদ | : | ০১ জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০২১ পর্যন্ত |
| প্রকল্প এলাকা | : | তেজগাও, গোপালগঞ্জ, ময়মনসিংহ, খুলনা, চট্টগ্রাম, নোয়াখালী, রাজশাহী, ঈশ্বরদী, রংপুর, বরিশাল, দিনাজপুর, হবিগঞ্জ, কুষ্টিয়া, ও যশোর। |

আমি গত ০২/১২/২০২০ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের উপর্যুক্ত প্রকল্পের আওতায় তেজগও সেন্টারটি পরিদর্শন করি। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক ও বাংলাদেশ নৌবাহিণীর সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

মূল সেন্টারের ভৌত নির্মাণ কাজ শেষ হয়েছে। সীমানা প্রাচীর, এপ্রোচ রোড ও গেইট নির্মাণের কাজ শীগ্রই আরম্ভ হবে বলে জানা গেছে। ৫টি প্যাকেজ এর আওতায় মেশিনারিজ এ্যান্ড ইকুইপমেন্ট, কমার্শিয়াল pos মেশিন ও ফ্রাংকিং মেশিন সংগৃহীত হয়েছে, যার মোট মূল্য ৭৩.১৩ কোটি টাকা। এর আংশিক প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কারিগরী কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। অবশিষ্ট যন্ত্রপাতি গ্রহণ করা প্রয়োজন। সেন্টারের জন্য নির্ধারিত জনবলের প্রশিক্ষণ প্রদান পূর্বক সেন্টারটি দ্রুত চালু করা প্রয়োজন। মেইল প্রসেসিং সেন্টারটি ফাংশনাল করার জন্য ডাক অধিদপ্তর ও প্রকল্প কর্তৃপক্ষের সমন্বিত কর্মপরিকল্পা গ্রহণ করা প্রয়োজন। এ ছাড়াও অত্যাধুনিক সেন্টারের সুযোগ-সুবিধা সম্পর্কে সুবিধা ভোগীদের অবহিত করার জন্য প্রচার/বিজ্ঞাপন দেয়া প্রয়োজন।

সুপারিশসমূহ নিম্নরূপঃ

১। সীমানা প্রাচীর, এপ্রোচ রোড ও গেইট নির্মাণ কাজ দ্রুত শেষ করতে হবে।
২। প্রস্তাবিত মেইল প্রসেসিং সেন্টার জনবল নির্বাচন পূর্বক তাদের কে প্রশিক্ষণ প্রদান করতে হবে।
৩। মেইল প্রসেসিং সেন্টারটি ফাংশনাল করার জন্য প্রকল্প কর্তৃপক্ষ ও ডাক অধিদপ্তরের সমন্বিত কর্ম পরিকল্পা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
৪। সেন্টার সম্পর্কে প্রচার/বিজ্ঞাপন দেয়া যেতে পারে।

(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্মসচিব (পরিকল্পনা)
ফোন: ৯৫১৪৪১৫

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ", ডাক অধিদপ্তর।
৪। ফোকাল পয়েন্ট, এপিএ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচবি, পরিকল্পনা-১, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (পরিকল্পানা) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।


ডাইরী নং- তারিখ:
সচিবের দপ্তর
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসন) যুগ্ম-সচিব (কোম্পানি)
অতিরিক্ত সচিব (ডাক) যুগ্ম-সচিব (নিরীক্ষা)
অতিরিক্ত সচিব (টেলিকম) উপ-সচিব
যুগ্ম-সচিব (প্রশাসন) উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা উইং
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

ডাক অধিদপ্তরের "ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | "ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত)" |
| প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা | : | ডাক অধিদপ্তর |
| প্রাক্কলিত ব্যয় | : | ৩৭৫৬৭.০০ লক্ষ টাকা |
| প্রকল্পের মেয়াদ | : | জানুয়ারি, ২০১৭- জুন, ২০২১ পর্যন্ত |
| প্রকল্প এলাকা | : | ডাক অধিদপ্তর কলোনী, মতিঝিল, ঢাকা। |

আমি গত ০৯/১২/২০২০ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের উপর্যুক্ত প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করি । পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

২০তলা বিশিষ্ট ৮টি ভবনে ৬০৮টি ফ্ল্যাট, নির্মাণের সংস্থান রয়েছে। ইতিমধ্যে ৩টি ভবনে ৬৫০বর্গফুটের ২২৮টি ফ্ল্যাট, ৩টি ভবনে ১০০০ বর্গফুটের ২২৮টি ফ্ল্যাট, ১টি ভবনে ১২৫০ বর্গফুটের ৭৬টি ফ্ল্যাট, এবং ১টি ভবনে ১৫০০ বর্গফুটের ৭৬টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। লিফ্ট স্থাপনসহ ফিনিশিং এর কাজ চলমান আছে। মতিঝিলে বিদ্যমান ডাক বিভাগ ও বিটিসিএল কলোনীতে অবস্থিত পুরাতন ১৪টি ভবন অপসারণ করে উক্ত খালি স্থানে সৌন্দর্য বর্ধনের কাজ করতে হবে। ইতিমধ্যে ১২ টি ভবন ভাঙ্গার জন্য দরপত্র আহবান করা হয়েছে। অবশিষ্ট ২টি ভবন ভাঙ্গার দরপত্র আহবানের কাজ চলমান।

সুপারিশসমূহ নিম্নরূপঃ

১। ১৪ টি ভবন অপসারণের কাজ দ্রুত শেষ করতে হবে।
২। ৮টি ভবনের ফিনিশিং এর কাজ দ্রুত শেষ করে তা বসবাস উপযোগী করতে হবে।
৩। প্রকল্পের কাজ জুন, ২০২১ এর মধ্যে সমাপ্ত করতে হবে।

(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্মসচিব (পরিকল্পনা)
ফোন: ৯৫১৪৪১৫

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১১
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ
১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, "ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত)" ডাক অধিদপ্তর।
৪। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ।
৫ সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (পরিকল্পনা) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।